

মুজিববর্ষের অঙ্গীকার,
মিরাপুর কর্মপরিবেশ
হোক সবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
পরিসংখ্যান ও গবেষণা উপশাখা

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)- ৯ম সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ নাসির উদ্দিন আহমেদ মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ	০৮ মার্চ, ২০২২শ্রিঃ
সভার সময়	বিকাল ০৪.০০ ঘটিকা
স্থান	মিনি কনফারেন্স রুম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য আহ্বান জানান। মহাপরিদর্শক মহোদয়কে ধন্যবাদ জানিয়ে সভার সামগ্রিক আলোচনা তুলে ধরেন এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সদস্য সচিব জনাব মনোয়ার হোসেন।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	গত ডিসেম্বর, ২০২১ শ্রিঃ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ	বিগত ০৯ ডিসেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত এসডিজি বিষয়ক ৮ম সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানানো হয়।	বিগত ০৯ ডিসেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত এসডিজি বিষয়ক ৮ম সভার কার্যবিবরণীতে কারো কোনো আপত্তি বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়।	এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি
২	ইনডিকেটর ৩.৯.১ এর ডাটা প্রোভাইডারের তালিকা হতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নাম বাদ না দেয়া পর্যন্ত বিবিএসের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত থাকবে।	ইনডিকেটর ৩.৯.১ এর ডাটা প্রোভাইডারের তালিকা হতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নাম বাদ দেয়া হয়েছে।	যোগাযোগ অব্যাহত থাকবে।	এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি

৩	কর্মক্ষেত্রে পেশাগত দুর্ঘটনার হার কমানোর লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন	কর্মপরিকল্পনাটি ইতোমধ্যে ৩০.০১.২০২২ তারিখ সেফটি শাখা হতে চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে এবং ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ৪০.০১.০০০০.১০২.৯৯.০৩৫.১৯.১৩নং স্মারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দিয়ে ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। ২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ৪০.০১.০০০০.১০২.৯৯.০৩৫.১৯.১৪নং স্মারকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে পত্র প্রেরণের জন্য সচিব মহোদয়কে পত্র প্রেরণ করা হয়েছে।	বিষয়টি ফলোআপ করতে হবে।	এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি
৪	SDG বিষয়ক উদ্বৃক্তকরণ সভার আয়োজন	এ পর্যন্ত ১১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে উদ্বৃক্তকরণ সভার আয়োজন করা হয়েছে, যথা- ১.রংপুর ২.বগুড়া, ৩. ঢাকা, ৪.গাজীপুর, ৫.চট্টগ্রাম, ৬.নারায়ণগঞ্জ, ৭.খুলনা, ৮.যশোর, ৯.নরসিংড়ী, ১০.কিশোরগঞ্জ, ১১.টাঙ্গাইল। বাকিগুলো পর্যায়ক্রমে সম্পন্ন করা হবে। যথাসময়ে উদ্বৃক্তকরণ সভা আয়োজন করার জন্য মহাপরিদর্শক মহোদয় নির্দেশ প্রদান করেন। পরবর্তী সভায় একশন প্লান সহ উপস্থাপন করতে হবে।	পরবর্তী সভায় একশন প্লান সহ উপস্থাপন করতে হবে।	এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি
৫	ওয়েবসাইটে এসডিজি কর্নার হালনাগাদকরণ	২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে এসডিজি বিষয়ক ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণের জন্য ২৮ ডিসেম্বর ২০২১ তারিখে ৪০.০১.০০০০.১০২.৯৯.০৩৫.১৯.৪৭ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। কয়েকটি কার্যালয় সার্ভারে সমস্যার কারণে ওয়েবসাইট হালনাগাদ করতে পারেনি।	যেসব কার্যালয় এখনো ওয়েবসাইট হালনাগাদ করেনি সে সব কার্যালয়সমূহকে পত্র প্রেরণ করতে হবে।	১। এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি। ২। ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়।
৬	প্রতি মাসে ২৩ টি উপমহাপরিদর্শকের কার্যালয় হতে এসডিজি বিষয়ক সভার কার্যবিবরণী প্রেরণ	বগুড়া, যশোর ও টাঙ্গাইল কার্যালয় হতে ফেব্রুয়ারী মাসের এসডিজি বিষয়ক সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যালয় হতে এখনো পাওয়া যায় নি।	উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে প্রতি মাসে এসডিজি বিষয়ক সভা করে কার্যবিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য পুনরায় করে পত্র প্রেরণ করতে হবে।	এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি

৭	প্রকল্প গ্রহণ	<p>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক কোন প্রকল্প গ্রহণ করলে তা এসডিজির লক্ষ্যমাত্রার সাথে সমন্বয় করে গ্রহণ করতে হবে।</p> <p>প্রকল্প সেলের কর্মকর্তা জানান, চলতি অর্থবছরে ২টি প্রকল্প (LMIS এবং দুর্ঘটনা হাসকল্পে নির্বাচিত কারখানাসমূহের বুঁকিনিরূপণ ও সংস্কার বাস্তবায়ন) বাস্তবায়নের লক্ষ্যে খসড়া ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত দুটি ডিপিপি প্রণয়ন কালে এসডিজির লক্ষ্যমাত্রাসমূহের এর সাথে সামঞ্জস্য রাখা হয়েছে।</p> <p>শিশুশ্রম নিরসন ও বাস্তবায়ন শীর্ষক মেগা প্রকল্প শুরুর নিমিত্তে একটি ফিজিবিলিটি স্টাডি বিষয়ক প্রকল্প গ্রহণ করা হচ্ছে এই ফিজিবিলিটি স্টাডি বিষয়ক প্রকল্পটি ডাইফ এর আওতায় বাস্তবায়িত ১৩ জেলা প্রকল্পের মাধ্যমে করা হচ্ছে এবং ওই প্রকল্প থেকে ব্যবস্থাপনা করা হবে সেখানেও এসডিজি এর লক্ষ্যমাত্রাসমূহ অনুসরণ করা হচ্ছে এবং এর সাথে সামঞ্জস্যপূর্ণ করে প্রকল্প গ্রহণ করা হচ্ছে।</p>	<p>কোন প্রকল্প গ্রহণ করলে তা এসডিজির লক্ষ্যমাত্রার সাথে সমন্বয় করে গ্রহণ করতে হবে।</p>	<p>১। এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি।</p> <p>২। প্রকল্প সেল।</p>
৮	শিশুশ্রম নিরসন	<p>১। সকল কাজে শিশুশ্রম নিরসনের জন্য ১ বছর মেয়াদী(জানুয়ারী ২০২২ হতে ডিসেম্বর ২০২২) একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।</p> <p>২। ঢাকার কেরানিগঞ্জে সকল কাজে শিশুশ্রম নিরসন করার জন্য দুই(০২) বছর মেয়াদী একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।</p> <p>৩। ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সকল সেক্টর হতে ২২১৯ জন শিশুশ্রম নিরসন করা হয়েছে</p>	<p>১। নিয়মিত ফলোআপে রাখতে হবে।</p> <p>২। ঢাকার কেরানিগঞ্জের শিশুশ্রম বিষয়ক প্রকল্পের হালনাগাদ তথ্য চেয়ে উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকাকে পত্র প্রেরণ করতে হবে।</p>	স্বাস্থ্য শাখা
৯	সেমিনার আয়োজন	খুলনায় এবং রাজশাহীতে ১টি করে সচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন করা হয়েছে।	<p>৮ম ও ৯ম সভার সিদ্ধান্ত অনুযায়ী সচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন করার জন্য উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে পত্র প্রেরণ করতে হবে।</p>	২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়
১০	SDG বিষয়ক লিফলেট উপমহাপরিদর্শকের কার্যালয়ে প্রেরণ।	কারখানা ও প্রতিষ্ঠানে দুর্ঘটনা হাসকল্পে কি ধরণের লিফলেট তৈরি করা যেতে পারে তা সেফটি শাখা হতে প্রস্তুত করে উপমহাপরিদর্শকের কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে।	<p>প্রধান কার্যালয়ের সেফটি শাখা হতে প্রস্তুতকৃত লিফলেট, পোস্টারের ফরমেট অনুযায়ী উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ মিজন্স বাজেট হতে লিফলেট, পোস্টার ছাপিয়ে কলকারখানা ও প্রতিষ্ঠানে বিতরণ করবে।</p>	<p>সেফটি শাখা এবং ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়</p>

১১	প্রশিক্ষণ	SDG বিষয়ক প্রশিক্ষণ আগামী ২৫ মার্চের মধ্যে ভার্চুয়ালি আয়োজন করা যেতে পারে।	২৫ মার্চ মাসের মধ্যে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে ভার্চুয়ালি এসডিজি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	প্রশিক্ষণ শাখা/ এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি
----	-----------	---	---	---

পরিশেষে সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ নাসির উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৮০.০১.০০০০.১০২.৯৯.০৩৫.১৯.২১

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৮

১০ মার্চ ২০২২

বিতরণ (জ্যোষ্ঠার ক্রমানুসারে নথি) :

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) যুগ্ম মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৩) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৪) আহবায়ক ও ফোকাল পয়েন্ট, এসডিজি বাস্তবায়ন টিম, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,
- ৫) সদস্য সচিব, এসডিজি বাস্তবায়ন টিম, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৬) সদস্য, এসডিজি বাস্তবায়ন টিম, সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৭) সদস্য, এসডিজি বাস্তবায়ন টিম, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৮) সদস্য, এসডিজি বাস্তবায়ন টিম, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৯) শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)



মোঃ নাসির উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)